# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
সভার তারিখ ঃ ১৬ সেপ্টেম্বর ২০২১
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সভায় কোভিড-১৯ এর অবস্থা সম্পর্কে সভায় অবহিত করেন । তিনি ২৫ বছরের উর্দ্ধে সকল নাগরিককে নিবন্ধন করার জন্য অনুরোধ করেন। তিনি সভায় আরো জানান যে দেশে বর্তমানে কোন টিকার সমস্যা নেই। গণটিকা কার্যক্রম চলাকালীন যাতে কোন বিশৃংখলা না হয় সে জন্য সকলের সহযোগীতা কামনা করেন । | পৌর মেয়র সহ সকল ইউনিয়ণ চেয়ার ম্যান গণকে টিকার নিবন্ধন করার জন্য জনগণকে উৎসাহিত করার জন্য অনরোধ জানানো হয় । |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে ২৭৭০০ হেক্টর জমিতে আমনধান আবাদ হয়েছে । মাঠের সার্বিক অবস্থা ভাল । তিনি আরও জানান যে, বাকেরগঞ্জ উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরাধীন সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষিযাকীকরন প্রকল্পের অর্থায়নে একটি কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষনাগার নির্মান করা হবে এ জন্যে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচনপূর্বক একটি স্কেচ ম্যাপ প্রস্তুত করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ প্রয়োজন । । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অফিসারকে অনুরোধ জানানো হয়।<br><br>০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষিপুনঃবাসন ও বাস্তবায়ন কমিটিকে উপজেলা পরিষদ চত্তরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচনপূর্বক একটি স্কেচ ম্যাপ প্রস্তুত করে সংশ্লিষ্ট প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয় |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে,তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে । তিনি সভায় আরো জানান যে, তাঁর দপ্তরের পরিত্যাক্ত ৫ টি ভবনের নিলামের জন্য উক্ত ভবনের মূল্য ধার্য করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান । | উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জকে পরিত্যক্ত ভবন ৫টি পরিদর্শন পুর্বক মূল্য নির্ধারনের জন্য অনুরোধ জানানো হয় । |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । তিনি সভায় আরো জানান যে, আগামী ০৪ অক্টোবর ২০২১ তারিখ থেকে মা ইলিশ রক্ষার কার্যক্রম শুরু হবে যাহা ২৫অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত চলবে ।এ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য তিনি সকল ইউনিয়ন চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন । তিনি মা ইলিশ রক্ষা অভিযান সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিষদ থেকে আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানান । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয় এবং মা ইলিশ রক্ষার জন্য নির্ধারিত সময় সকল জেলে নৌকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট জমা রাখবেন বলে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । উপজেলা মৎস্য কর্মকর্তাকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পত্র দিয়ে মাইকিং করার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয় এবং মা ইলিশ রক্ষা অভিযান |

| | | |
|---|---|---|
| | | পরিচালনার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ৫০,০০০/-( পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৫। প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বারেগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের সড়কে অবস্থিত খালের মধ্যে আয়রন ব্রীজ নির্মান কার্যক্রম চলমান আছে । পুরাতন আয়রন ব্রীজের মালামাল সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট বুঝিয়ে দেয়া হয়েছে। উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব, উপজেলা প্রকল্প বাছাই কমিটি, বাকেরগঞ্জ, বরিশাল সকল নির্বাচিত জনপ্রতিনিধিগন ও উপজেলা দপ্তর প্রধান গনের নিকট হতে প্রাপ্ত স্কীম সমূহ সভায় উপস্থাপন করেন । সভায় উপস্থিত সকল সদস্যগণ স্কীম সমূহ পুঙ্খানুপুঙ্খ পরীক্ষান্তে মতামত প্রদান করেন । | ক) যাচাই- বাছাইয়ান্তে পরিশিষ্ট "ক" এ সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ৯৮ পর্যন্ত স্কীম দরপত্রের মাধ্যমে, ৯৯ হতে ১৩৩ পর্যন্ত স্কীম কোটেশনের মাধ্যমে এবং ১৩৪ হতে ১৫৮ পর্যন্ত স্কীম পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয় । উক্ত প্রকল্প/ স্কীম চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী উপজেলঅ মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ৬। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার বাকেরগঞ্জ সভায় জানান যে সকল ভাতাভোগীরা G2P পদ্ধতিতে ভাতার টাকা পেতে জটিলতার সৃষ্টি হচ্ছে তাদের মোবাইল নম্বে সামান্য ভুল ত্রুটি দেখা যাচ্ছে । ইহা সংশোধনের কাজ দ্রুত চলছে । এবং বর্তমানে প্রান্তিক জনগোষ্ঠির জরিপ কাজ চলছে । সকল ইউনিয়ন চেয়ারম্যান গণকেসর্বাত্মক সহযোগীতা করার জন্য অনুরোধ জানান । তিনি সভায় আরো জানান যে, বর্তমানে প্রতিবন্ধী জরিপ কাজ চলছে । যাহাতে কোন প্রতিবন্ধী জরিপ থেকে বাদ না পরে সে ব্যাপারে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান । এ ছাড়াও সকল ভাতা কার্যক্রম চলমান আছে । এ বিভাগের অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে । | এ বিষয়ে আলোচনান্তে সুষ্ঠ ও সুন্দরভাবে যাতে ভাতা কার্যক্রম চলমান থাকে সে বিষয়ে সচেতন থাকার অনুরোধ জানান। প্রতিবন্ধী জরিপ কার্যক্রমে কোন প্রতিবন্ধী যাতে বাদ না পরে সে বিষয় সহোযোগীতা করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় । |
| ৭। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত১২/০৯/২০২১ তারিখ সকল প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। তিনি সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে বিদ্যালয়গুলো পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয় । কোন অসুবিধা থাকলে জানানোর জন্য অনুরোধ জানানো হয় । | দির্ঘ দিন পর বিদ্যালয় গুলো চালু হওয়ার প্রেক্ষিতে সুষ্ঠ লেখাপড়ার পরিবেশ ফিরিয়ে আনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় এবং স্বাস্থ্যবিধি সঠিক ভাবে পালন হয় কিনা তা তদারকী করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয় । |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে সেপ্টেম্বর-২০২১ মাসের ১২/০৯/২০২১ তারিখ স্কুল, কলেজ, মাদ্রাসা খুলে দেওয়া হয়েছে । | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে করোনা কালীন সময় পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৯। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ৯৯জন | বিস্তারিত আলোচনাক্রমে মেয়র মহোদয়কে দ্রুত তালিকা ও আবেদনপত্র জমা প্রদানের ব্যবস্থা গ্রহণপূর্বক |

| | | |
|---|---|---|
| | ভাতা ভোগী নির্বাচনের জন্য পৌর মেয়র মহোদয়কে পত্র দেয়া হয়েছে । অদ্যবদি তালিকা ও আবেদনপত্র অত্রাফিসে জমা প্রদান করেননি । পুনঃ তালিকা চেয়ে তাগিদ পত্র দেয়া হয়েছে । তারপরও তালিকা পাওয়া যায়নি । বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক ৩১-১০-২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাটা এন্ট্রির কাজ শেষ করতে না পারলে ভাতাভোগী পরবর্তীতে ভাতা পাওয়া থেকে বঞ্চিত হবে এবং ডাটা এন্ট্রির কাজ শেষ করতে পা পারলে ভাতাভোগী পরবর্তীতে ভাতা পাওয়া থেকে বঞ্চিত হবে এবং ডাটা এন্ট্রির সুযোগ থাকবে না । তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অন লাইন, ব্যাংক, বিকাশ, রকেট হিসাব খুলে ডাটা এন্ট্রির কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের কাবিখা , কাবিটা সাধারণ কর্মসূচির ১ম পর্যায়ের প্রাপ্ত বরাদ্দ বিভাজন করা হয়েছে । বরাদ্দ বিভাজনা অনুযায়ী উপজেলা পরিষদ ও ইউনিয়ন সমূহকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। এ ছাড়াও ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন সমূহে বিতরনকৃত ত্রান কার্য ও ভিজিএফ এর মাষ্টাররোল দাখিলের জন্য অনুরোধ করেন । | সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ সহ বিতরণ কৃত ত্রান কার্যক্রমের মাষ্টার রোল দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। |
| ১২। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে হত দরিদ্রদের জন্য নির্মিত আবসনে ১৩টি গভীর নলকূপ কাজ প্লাটফরম সহ সম্পন্ন করা হইয়াছে এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্ধকৃত (২০২০-২০২১) গভীর নলকূপ স্থাপন কাজ দ্রুত গতিতে চলছে । ১০টি প্রাথমিক বিদ্যালয় ওয়াশ ব্লক নির্মান কাজ চলমান আছে এ ছাড়াও ১৩ টি প্রাথমিক বিদ্যালয় মালটি পাপাস গভীর নলককূপ স্থাপনের কাজ চলছে । | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানানো হয় । |
| ১৩। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ আর্থিক সালে বাকেরগঞ্জ উপজেল্যায় ৫.০০ কিঃমি বাগান সৃজন ও বিক্রয়/ বিতরনের জন্য ৫০০০ টি চারা উত্তোলন করা হইবে । উপজেলা প্রকৌশলী , এল জিইডি বাকেরগঞ্জ তার কার্যালয়ের স্মারক নং ১০১৮তাং ৯/৯/২০২১ মূলে বন বিভাগ কর্তৃক ২০০০-২০০১ সনে সৃজিত তারাপাইতা খাল হতে আনসার আকনের বাড়ি পর্যন্ত ৪.৪০ কিলোমিটার বাগানের রাস্তায় নির্মানাধীন ২টি ব্রীজের এ্যাপ্রোজের উভয় পার্শ্বে ৮০ মিটার এলাকার রোপিত গাছ অপসারন করার পদক্ষেপ গ্রহনের জন্য জানান । ২টি ব্রীজের এ্যাপ্রোজের জন্য ২০৫ টি গাছ অপসারন করা প্রয়োজন । বিষয়টি সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করেন । | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত রাস্তায় চারা রোপনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্রীজের কাজ সম্পাদনের স্বার্থে বিধি মোতাবেক গাছগুলি অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । |
| ১৫। উপজেলা আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান তার দপ্তরের দাপ্তরিক কার্যাবলী যথা নিয়মে চলছে । দপ্তরের ০৪(চার) জন জনবলের মধ্যে একজন না থাকায় দপ্তরের কার্যবরিধি কিছুটা ব্যাহত হচ্ছে ।দপ্তরের ভিডিপি সদস্যদের হালানাগাদ কার্যক্রম চলমান রয়েছে । গত ১৪/০৯/২১২ তারিখে জেলা আসার ও ভিডিপি তার্যালয়ে চলমান অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষনে ১৪ জন সদস্যকে ট্রেনিংয়ের জন্য প্রেরণ করা হয়েছে । এ ছাড়া ০২ জন প্রশিক্ষার্থীকে বেসিক কম্পিউটার প্রশিক্ষনে বরিশাল জেলা | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | আনসার ভিডিপি কার্যালয়ের কার্যালয়ের কম্পিউটার ল্যাবে প্রেরণ করা হয়েছে । বতৃমানে কবাই ইউনিয়নে গ্রামভিত্তিক মৌলিক প্রশিক্ষনের জন্য লোক বাছাই কার্যক্রম চলমান রয়েছে । | |
| বিবিধ | ক)। উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদ বহুতল ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের পুরাতন ভবনের সম্মুখে জায়গা নির্ধারণ করা হয়েছে । উক্ত জায়গায় ভবন নির্মাণের জন্য কিছু গাছ অপসারণ করা প্রয়োজন ।<br><br>খ) সভাপতি মহোদয় সভায় জানান যে, টেন্ডার প্রক্রীয়াধীন নীলগঞ্জ ও বোয়ালিয়া - খয়রাবাদ সেতু দুইটি জনগুরুত্বপুর্ন নয় বিধায় উক্ত সেতু দুইটি নির্মান না করে এর পরিবর্তে কাটাদিয়া নদীর উপরে কাটাদিয় সেতু , কাটাখালী ও ডিসি রোডের কারখানা নদীর উপরে সেতু নির্মানের প্রস্তাব প্রেরনের জন্য সভায় উপস্থাপন করেন ।<br><br>খ) চেয়ারম্যান দুধল সভায় জানান যে, ৪নং দুধল ইউনিয়ন একটি জনবহুল এলকা নদী ভাংগন ও নদী দ্বারা বেষ্টিত । যার ফলে যোগযোগ ব্যবস্থা অত্যান্ত খারাপ । ৪নং দুধল ইউনিয়ণ পরিষদ থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রায় ২০ কিলোমিটার দুরে অবস্থিত এবং বরিশাল সদর হাসপাতাল ৩৫ কিলোমিটার দুরে অবস্থিত তাই ৪নং দুধল ইউনিয়ন পরিষদের আওতাধীন একটি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন করা অত্যান্ত জরুরী ও জন গুরুত্বপুর্ন । স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপনের জন্য সুন্দরকাঠি মৌজায় জে এল নং ৮৫ খতিয়ান নং এস এ ৮৬, দাগ নং ১৬৬৫ জমির পরিমান ৮২ শতক পাওয়া গিয়েছে । আলোচ্য জমি বিনামূল্যে হাসপাতালের নামে জনাব জাহাঙ্গির হোসেন মোল্লা, গ্রাম- সুন্দরকাঠি কর্তৃক দলিল সম্পাদন করিয়া দেওয়ার প্রস্তাব পাওয়া গিয়েছে । প্রস্তাবিত জমির উপরে যাতে ইউনিয়ন স্বাস্থ কমপ্লেক্স নির্মান করা যায় সে জন্য অত্র সভায় সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন । | ক)সভায় বিস্তারিত আলোচনান্তে বহুতল ভবন নির্মানের জন্য এবং সরকারের উন্নয়মূলক কর্মকান্ড অব্যাহত রাখার স্বার্থে উক্ত গাছগুলি অপসারনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>খ) ) সভাপতি মহোদয়ের প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনান্তে টেন্ডার প্রক্রীয়াধীন নীলগঞ্জ ও বোয়ালিয়া -খয়রাবাদ সেতু দুইটি জনগুরুত্বপুর্ন নয় বিধায় উক্ত সেতু দুইটি নির্মান না করার বিষয় এবং প্রস্তাবিত কাটাদিয় , কাটাখালী ও ডিসিরোডের কারখানা নদীর উপরে সেতুনির্মানের প্রস্তাব প্রেরনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । এ বিষয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী বাকেরগঞ্জকে অনুরোধ জানানো হয় ।<br><br>খ) এ বিষয় বিস্তারিত আলোচনান্তে সুন্দরকাঠি মৌজায় জে এল নং ৮৫ খতিয়ান নং এস এ ৮৬, দাগ নং ১৬৬৫ জমির পরিমান ৮২ শতক জমিতে ইউনিয় স্বাস্থ কমপ্লেক্স স্থাপনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । এ বিষয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

ারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৭৮৪ তারিখ ঃ ১৬ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।

৭। উপজেলা..................................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।

৮। চেয়ারম্যান.........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

১৬.৯.২০২১

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল ।

4